



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

চাঁদপুর সরকারি মহিলা কলেজ, চাঁদপুর।

ফোন : ০৮৪১-৬৩৩৭৪, ০৮৪১-৬৬৩৭৪, ই-মেইলঃ mohilacl@gmail.com

ওয়েব সাইট : www.chgmc.edu.bd



তারিখ : ০৯/০২/২০২২

২০২১-২২ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছু ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যারা চাঁদপুর সরকারি মহিলা কলেজে ভর্তির জন্য নির্বাচিত হয়েছে এবং ভর্তির নিশ্চয়ন সম্পন্ন করেছে তাদের ভর্তির কার্যক্রম নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ভর্তির তারিখ ও সময়সূচী

তারিখ ও বার	বিভাগ	স্থান ও সময়
২০/০২/২০২২ (রবিবার)	মানবিক বিভাগ	কলেজ ক্যাম্পাস ; ৯ :৩০ - ৪ :০০
২২/০২/২০২২ (মঙ্গলবার)	বিজ্ঞান বিভাগ	কলেজ ক্যাম্পাস ; ৯ :৩০ - ৪ :০০
২৩/০২/২০২২ (বুধবার)	ব্যবসায় শিক্ষা শাখা	কলেজ ক্যাম্পাস ; ৯ :৩০ - ৪ :০০
২৪/০২/২০২২ (বৃহস্পতি বার)	যে সকল শিক্ষার্থীরা নির্ধারিত তারিখে ভর্তি হতে পারে নাই (সকল বিভাগ)	কলেজ ক্যাম্পাস ; ৯ :৩০ - ৪ :০০

ভর্তি ফি ২০০০/- টাকা

- কলেজে স্থাপিত ব্যাংক বুথে ভর্তির ফি জমা দিয়ে রশিদ নিতে হবে।

ভর্তির সময় যে সমস্ত কাগজপত্র জমা দিতে হবে :

- অনলাইনে ভর্তি নিশ্চয়নের প্রমাণপত্র।
- শিক্ষার্থীর অনলাইন জন্মনিবন্ধনের ফটোকপি-০১টি
- পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি (ছবির পিছনে নাম ও বিভাগ অবশ্যই লিখতে হবে)।
- মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট (মূল মার্কশিট) এবং ফটোকপি-০২ টি করে (লেমেনিটিং গ্রহণযোগ্য নয়)।
- বাবা এবং মায়ের এনআইডির ফটোকপি-০১টি।
- পিতামাতার অবর্তমানে আইনানুগ অভিভাবক থাকলে তাঁর এনআইডির ফটোকপি-০১টি।
- বাবা, মা বা আইনানুগ অভিভাবকের এনআইডি কার্ড না থাকলে অনলাইনের জন্ম নিবন্ধনের ফটোকপি-০১টি।
- মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্যদের ভর্তির ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত মূল সনদপত্র (২টি ফটোকপিসহ) দাখিল করতে হবে। পোষ্যদের ক্ষেত্রে দাদা মুক্তিযোদ্ধা হলে বাবার জাতীয় পরিচয় পত্রের মূলকপিসহ ফটোকপি অথবা নানা মুক্তিযোদ্ধা হলে মায়ের জাতীয় পরিচয় পত্রের মূলকপিসহ ফটোকপি দাখিল হবে।
- কোভিড-১৯ এর কারণে কোন শিক্ষার্থী ভর্তির সময় মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট (মূল মার্কশিট) জমা দিতে না পারলে পরবর্তীতে কলেজ অফিসে জমা দিতে পারবে। তবে কোটা প্রাপ্ত শিক্ষার্থীদেরকে অবশ্যই কোটা প্রাপ্তির উপযুক্ত প্রামাণ্য সনদ দাখিল সাপেক্ষে ভর্তি হতে হবে।

নির্দেশনাবলী :

- করোনা প্রতিরোধে সবাইকে স্বাস্থ্যবিধি মানতে হবে এবং নিরাপদ দুরত্ব বজায় রাখতে হবে।
- ভর্তিচ্ছু সকল শিক্ষার্থীর মাস্ক পরা বাধ্যতামূলক এবং কলেজের প্রবেশ পথে থার্মাল স্ক্যানারের মাধ্যমে শরীরের তাপমাত্রা মাপা হবে।
- যে সকল শিক্ষার্থীরা নির্ধারিত তারিখে ভর্তি হতে পারবে না তারা এবং যাদের সর্দি, কাশি, জ্বর বা শ্বাসকষ্ট থাকবে তাদের অভিভাবকের মাধ্যমে ২৪ ফেব্রুয়ারি নির্ধারিত ফি ও সময়সূচি মোতাবেক ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- শিক্ষার্থীর সাথে কোন অভিভাবক ক্যাম্পাসে প্রবেশ করতে পারবে না।

বিঃদ্র: ভবিষ্যতে ব্যবহারের জন্য মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর একাধিক ফটোকপি করে নিজের কাছে রাখার জন্য অবহিত করা হলো।

একাদশ শ্রেণির বিভাগ ভিত্তিক বিষয়সমূহঃ

বিভাগ	আবশ্যিক বিষয়সমূহ	গ্রুপ বিষয়	ঐচ্ছিক বিষয়
বিজ্ঞান	বাংলা, ইংরেজি, আইসিটি	পদার্থ ও রসায়ন (আবশ্যিক) জীববিজ্ঞান, গণিত (যে কোন ০১ টি)	জীববিজ্ঞান, গণিত, পরিসংখ্যান (যে কোন ০১ টি)
মানবিক	বাংলা, ইংরেজি, আইসিটি	পৌরনীতি ও সুশাসন, অর্থনীতি, ইতিহাস, ভূগোল, সমাজকর্ম, যুক্তিবিদ্যা (যে কোন ০৩ টি)	পৌরনীতি ও সুশাসন, অর্থনীতি, ইতিহাস, ভূগোল, সমাজকর্ম, যুক্তিবিদ্যা/ পরিসংখ্যান (যে কোন ০১ টি)
ব্যবসায় শিক্ষা	বাংলা, ইংরেজি, আইসিটি	হিসাববিজ্ঞান এবং ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (আবশ্যিক) ফিন্যান্স ব্যাংকিং ও বীমা অথবা উৎপাদন ব্যবস্থাপনা ও বিপন্ন (যে কোন ০১ টি)	ফিন্যান্স ব্যাংকিং ও বীমা অথবা উৎপাদন ব্যবস্থাপনা ও বিপন্ন, পরিসংখ্যান ও অর্থনীতি (যে কোন ০১ টি)

প্রতিস্বাক্ষর

অধ্যক্ষ

চাঁদপুর সরকারি মহিলা কলেজ, চাঁদপুর।

০১/০২/২০২২

আহ্বায়ক

একাদশ শ্রেণি ভর্তি কমিটি-২০২১
চাঁদপুর সরকারি মহিলা কলেজ, চাঁদপুর।